উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় ঃ এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

তারিখ ঃ ২১-০৪-২০২২

সময় ঃ সকাল ১১:০০ টা

স্থান ঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে পবিত্র রমজান মাসের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা বলেন, আমাদের দেশে করোনা ভাইরাসে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। রূপগঞ্জ উপজেলা পর্যায় করোনা ভাইরাস সহনীয় পর্যায় রয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৫৩৭৮ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ৫৩৪৫ জন, মোট মৃত্যু ১৯ জন। করোনো ভ্যাকসিন এর ১ম ডোজ নিয়েছেন ৩,৪২,২৬৮ জন এবং ২য় ডোজ নিয়েছেন ২,৭২,২৪৮ জন। যারা রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করেছেন তাদের সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। ভ্যাকসিনের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ভ্যাকসিন নেয়ার পাশাপাশি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করার অনুরোধ করা হয়। অত:পর মার্চ/২২ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |

| ক্র: নং | বিষয় | সংখ্যা/তথ্য | |
|---|---|---|---|
| ১ | কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সেবা | ৪১টি (চালু), সেবাপ্রাপ্ত- পু:- ১২৫৩৮ জন, মহিলাঃ ২৬৩৩২ জন, মোটঃ ৩৮৮৭০ রেফার্ডঃ- ৩৭৫৫ জন | |
| ২ | সিএসবিএ(মাঠ) সেবা | মোট গর্ভবর্তী সেবাঃ ৭০ জন, প্রসব সেবাঃ ০৬ জন, প্রসবোত্তর সেবাঃ ৭২ জন, নবজাতক সেবা : ৭২ জন রেফার্ড : ১০ জন, সিসিতে ডেলিভারী : ১০ | |
| ৩ | হাসপাতাল ইওসি সেবা | এএনসিঃ ৭২২ জন, রেফার্ডঃ- ৫৬ জন, জীবিত জন্ম ঃ ২৪জন, মৃত জন্ম:- ০, পিএনসিঃ ০ জন। ভর্তি ঃ ২৬, নরমাল ডেলিভারীঃ ১৯, অন্যান্যঃ ১, সিজারীয়ান ডেলিভারীঃ-৪, রেফার্ড: ০২ | |
| ৪ | যক্ষা ও কুষ্ঠ সেবা | মোট রোগীঃ ১১৮জন, পজেটিভ রোগী ঃ ৫৪জন, নেগেটিভ রোগী ঃ ২৮ জন,ফুসফুস বহির্ভুত ঃ ২৩জন পুনরায় আক্রান্ত ঃ ১৩জন ,কফ পরীক্ষাঃ ১০০৫জন | |
| ৫ | এ আর আই রোগী সেবা | মোট মাঠঃ ১৩০৩ জন<br>নিউমোনিয়া নয় ঃ ১১৮৩জন,<br>নিউমোনিয়া: ১২০জন,<br>মারত্বক নিউমোনিয়া: ০, রেফার্ড: ১২০ জন | হাসপাতাল: ১২৮জন<br>নিউমোনিয়া নয়ঃ১১৬জন<br>নিউমোনিয়াঃ–০৮জন<br>মারাত্বক নিউমোনিয়াঃ ০৪<br>রেফার্ড: ০ |
| ৬ | ডায়রিয়া সেবা | মাঠ মোট রোগী ঃ ১২৬৬ জন<br>পানি শূন্যতা নাই ঃ ১০৬৫জন<br>অল্প পানি শুন্যতা ঃ ১১০ জন | হাসপাতাল মোট রোগীঃ ৯৮জন<br>পানি শুন্যতা নাই ঃ ১৫ জন<br>অল্প পানি শূন্যতাঃ ১১জন<br>মারাত্বক পানিশূন্যতা ঃ ৭২জন |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td></td><td>মারাত্বক পানি শূন্যতা ঃ ৯১ জন</td><td></td></tr>
<tr><td></td><td>জন্ম ও মৃত্যু</td><td>মোট জন্মঃ ১২৩০<br>পুরুষ ঃ ৬১৬<br>মহিলা ঃ৬১৪</td><td>মোটমৃত্যুঃ ১৫৩<br>পুরুষ ঃ ৮২<br>মহিলা: ৭১</td></tr>
<tr><td>৮</td><td>চিকিৎসা প্রাপ্ত রোগী</td><td colspan="2">বহিঃবিভাগ ঃ ৯৯৮১, জরুরী বিভাগঃ ৯৪৬জন,আন্তঃবিভাগঃ ৩৯৮জন,উপ- স্বাস্থ্য কেন্দ্র ঃ ২৮৭১৩জন</td></tr>
<tr><td>৯</td><td>ইপিআই সেবা</td><td colspan="2">কাজের সফলতাঃ- ১০০%</td></tr>
<tr><td>১০</td><td>বেড অকোপেন্সি রেট</td><td colspan="2">৯৭.১৯% (৫০ শয্যা হিসাবে)</td></tr>
<tr><td>১১</td><td>ভায়াক্লিনিং/ক্যাম্প</td><td colspan="2">৪০১ জন মহিলাকে জরায়ু ও স্তন ক্যান্সার পরীক্ষা করা হয়। এর মধ্যে ৩জন পজেটিভ। যাকে বিএসএমএমইউতে বিনা মূল্যে চিকিৎসার জন্য রেফার করা হয়।</td></tr>
<tr><td>১২</td><td>কমিউনিটি ক্লিনিক নির্মাণ তথ্যঃ-</td><td></td><td>প্রস্তাব প্রেরনকরাহইয়াছেঃ-<br>১।পরশি বাজার সিসির পূনঃনির্মাণ/স্থানান্তর প্রয়োজন। ২। রানীপুরা সিসি সংস্কার প্রয়োজন। ৩। কালাদী সিসি সংস্কার প্রয়োজন। ৪। দরিকান্দি সিসি (গোলাকান্দাইল) সংস্কার প্রয়োজন<br>৫। আধুরিয়া সিসি সংস্কার প্রয়োজন<br>৬। আতলাসপুর সিসি সংস্কার প্রয়োজন</td></tr>
</table>
দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২</td>
<td>উপজেলা প্রকৌশল বিভাগ</td>
<td>পরিশিষ্ট-ক দ্রষ্টব্য</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি রবি মৌসুমে বোরো ৩৩০ হেক্টর জমিতে হাইব্রীড ও ৪৬৭০ হেক্টর জমিতে উফশী মোট ৫০০০হেক্টর জমিতে বোরো ধানের আবাদ করা হয়েছে। বোরো ধান কর্তন আরম্ভ হয়েছে ফলন সন্তোষজনক। ২০২১-২২ অর্থ বছরে খরিপ-১/২০২২-২৩ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার(ডিএপি ও এমওপি) সরবরাহ করার নিমিত্তে ১০০ জন/ বিঘা আউশ ধান আবাদের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। ইউনিয়ন ওয়ারী বিভাজন করে বিতরন করা হয়েছে।রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ৮০ মেঃটন ইউরিয়া, ৬২ মেঃটন টিএসপি, ৫ মেঃটন ডিএপি এবং ১০০ মেঃটন এমওপি সার মজুদ রয়েছে। বর্তমানে সারের কোনো সংকট নেই। মনিটরিং অব্যাহত রয়েছে। আশ্রয়ন প্রকল্পে ফলে চারা এবং সবজি বীজ বিতরন করা হয়েছে।</td>
<td>মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, এক ব্যাচ মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। বিল নার্সারি ও প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।নিয়মিত পুকুরপরিদর্শন ,মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও বাজার পরিদর্শনসহ মাছের আড়ৎ ও বাজার মনিটরিং অব্যাহত আছে। পিরানহা ও আফ্রিকান মাগুর যাতে বাজারে বিক্রি না হয় এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিসহ সকলের সহায়তা কামনা করছি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা মার্চ /২০২২ মাসের কার্যবিবরণী সভায় উপস্থাপন করায়-<br>১। গাভীর কৃত্রিম প্রজনন- ১০৬২টি<br>২। গবাদিপশুর টিকা প্রদান- ১৭৯৬টি<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদান- ৩৪২০০টি<br>৪। গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২২০৫টি<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- ২৬২০০টি</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬। পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১৪টি<br>৭। সংকর জাতের বাছুর উৎপাদন-৪২০টি<br>৮। উঠান বৈঠকের সংখ্যা- ০৫টি<br>৯। উঠান বৈঠকে অংশগ্রহনকারীর সংখ্যা- ৭৫জন<br>তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | | |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **(ক) টিআর কর্মসূচি:-**<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায় উপজেলা পরিষদ ভিত্তিক উন্নয়ন খাতে-১৮,০৬,৩১৮.৭৮ টাকার বিপরীতে ২৬টি প্রকল্প এবং ২য় পর্যায়ে ৩৬,১২,৬৩৭.৫৬ টাকার বিপরীতে ৩৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৭৫% এবং ৩য় পর্যায়ে ৯,৭৪,৬৩২.৪৪ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান রয়েছে।<br><br>(২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক উন্নয়ন খাতে-১ম ৪৯,৫৭,৬৬৬.৬৬ টাকার বিপরীতে ৫৭টি প্রকল্প ২য় পর্যায়ে ৯৯,১৫,৩৩৩.৩৩ টাকার বিপরীতে ১৩৪ টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৭০% এবং ৩য় পর্যায়ে ২৬,৭৫,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান রয়েছে।<br><br>(৩) টিআর কাঞ্চন: টিআর কাঞ্চন পৌরসভায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৩,৯২,৯১৪.১৪ টাকা দ্বারা ২টি প্রকল্পের কাজ চলমান আছে এবং ২য় পর্যায়ে ৭,৮৫,৮২৮.২৮ টাকার বিপরীতে ৪টি প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৭৫%।<br><br>(৪) টিআর তারাব: টিআর তারাব পৌরসভায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৬,৩৫,৮৫৫.৭০ টাকা দ্বারা ১২টি প্রকল্প এর কাজ চলমান আছে এবং ২য় পর্যায়ে ১২,৭১,৭১১.৪ টাকার বিপরীতে ২২টি প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬৫%।<br><br>**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি:-**<br><br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক উন্নয়ন খাতে ১ম পর্যায়-৩২,৭৫,৫৭০.৮৬ টাকা, ৬৯.৩১০১ মে:টন চাল, ৬৯.৩১০১ মে:টন গম বরাদ্দের বিপরীতে ২৭ টি প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬৫% এবং ৩য় পর্যায়ে ১২,২৯,৭১৯.১৫ টাকা এবং ১৬.৩৭৯২ মে:টন বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান রয়েছে।<br><br>(২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক উন্নয়ন খাতে ৭৫,৫৮,৯২৪.০১ টাকা, ১৫৯.৯৪৪ মে:টন চাল, ১৫৯.৯৪৪ মে:টন গমের বিপরীতে ৬৩টি প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬৫% এবং ৩য় পর্যায়ে ২৮,৩২,০০০.০০ টাকা এবং ৩৭.৮০০মে:টন চাল বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা প্রস্তুত চলমান রয়েছে।<br><br>**(গ) সেতু/কালভার্ট কর্মসূচি:**<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে নিম্নে উল্লেখিত ২টি গার্ডার ও ৩টি বক্স সেতু/কালভার্ট এর কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজ চলমান।<br>(6628) গোলাকান্দাইল দক্ষিন বেড়ীবাধ সংলগ্ন এমারত হোসেনের বাড়ির পাশে খালের উপর গার্ডার ব্রীজ নির্মাণ।<br>(6633) ঠাকুরবাড়িরটেক পোড়াব সংযোগ সড়কে খালের উপর গার্ডার ব্রীজ নির্মাণ।<br>(6712) বেলদী হতে পলখান হাইওয়ে যাওয়ার রাস্তায় বৈলদা খালের উপর সেতু | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

নির্মাণ।

(6713) বেলদী হতে পলখান হাইওয়ে যাওয়ার রাস্তায় তিনওলোপ খালের উপর সেতু নির্মাণ।

(6714) খৈশাইর বেড়ীবাধ সংলগ্ন বাবুলের বেকারীর উত্তর পার্শ্বে খালের উপর সেতু নির্মাণ।

**(ঘ) আশ্রয়ণ-২ প্রকল্প:**

**মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা কর্মসূচির অধীনে “ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ‘ক’ শ্রেণির পরিবারের জন্য গৃহ নির্মাণ” কর্মসূচি।**

| ক্রঃ | পর্যায় | বরাদ্দকৃত মোট গৃহের সংখ্যা | নির্মানাধীন গৃহের সংখ্যা | অবশিষ্ট গৃহের সংখ্যা | হস্তান্তরকৃত গৃহের সংখ্যা | কাজের অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ১ম | ৩০৩ | - | - | ৩০৩ | ১০০% | - |
| ০২ | ৩য় | ৪৯ | ৪৯ | - | - | ৯৫% | - |

**(ঙ) (এইচবিবি করণ প্রকল্প)**

| জেলা | উপজেলা | ইউনিয়ন | প্যাকেজের নাম | দৈর্ঘ্য (মিটার) | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৬ | ৭ |
| নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | মুড়াপাড়া | গংগানগর আমিরের বাড়ি হতে নারসিংগল ব্রীজ পর্যন্ত রাস্তা এইচবিবি করণ। | ১২৫০ | ১০০% |
| | | | মুড়াপাড়া ইউপির নারসিংগল নুর সালামের বাড়ি হতে মাছিমপুর কবরস্থান হইয়া গংগাসাগর-টিনমিল কার্পেটিং রাস্তা পর্যন্ত (১০০৬.০০০মিটার) রাস্তা এইচবিবি করণ। | ১০০৬ | ১০% |

“অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ”(বীর নিবাস) ১ম পর্যায়-১প্যাকেজ ১৪টি গৃহের কাজ চলমান এবং ২য় পর্যায় ৯টি প্যাকেজে ৪৩টি বীর নিবাস বরাদ্দ পাওয়া গিয়েছে, টেন্ডার প্রক্রিয়াধীন।

---

৭ | পরিবার পরিকল্পনা বিভাগ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি সভায় তার মার্চ/২২ মাসের কার্যবিবরণী সভায় তুলে ধরেন।

০১। উপজেলার মোট সক্ষম দম্পতি ঃ ৯৬৭১৫

০২। উপজেলার মোট গ্রহণকারী ঃ ৭৪১৮৮

০৩। সিএআর (ঈঅজ) ঃ ৭৪.৯০%

| মাসের নাম | স্থায়ী পদ্ধতি | | | দীর্ঘ মেয়াদী পদ্ধতি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | আইইউডি | | | ইমপ্লানন | | |
| | প্রজেকশন | অর্জন | হার | প্রজেকশন | অর্জন | হার | প্রজেকশন | অর্জন | হার |
| মার্চ/২২ | ১২৩ | ২৩ | - | ৯৮ | ৩৮ | - | ১০৮ | ৮৬ | - |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ইনজেকশন | | | খাবার বড়ি | | | কনডম | | |
| | প্রজেকশন | অর্জন | হার | প্রজেকশন | অর্জন | হার | প্রজেকশন | অর্জন | হার |
| মার্চ/ ২২ | ১৬৬১২ | ২৩৩৮ | - | ৪১০০০ | ৩২৮৩ | - | ৫৬৮ | ৩১৭৪৪ | - |

| মা শিশু স্বাস্থ্য সেবা | কিশোর | সাধারণ রোগী |
|---|---|---|

কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td>কিশোরী সেবা</td><td colspan="2"></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>গর্ভবতীর যত্ন</td><td>প্রসব</td><td>প্রসবোত্তর যত্ন</td><td>শিশুর যত্ন</td><td>কিশোর কিশোরী</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>৩৩৫২</td><td>৯৬৭</td><td>১৬</td><td>২৫৪</td><td>১৫০৫</td><td>৬২৫৬</td><td>৫৪১</td><td>৩২৭৯</td></tr>
</table>
দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৮</td>
<td>শিক্ষা</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার বলেন বিগত ০২ মার্চ-২০২২ থেকে প্রাথমিক বিদ্যালয় সামাজিক দূরত্ব বজায় রেখে শ্রেণি কার্যক্রম দুই শিফটে চালু হয়েছে। প্রথম শিফট-প্রথম শ্রেণি হতে দ্বিতীয় শ্রেণি এবং দ্বিতীয় শিফট- তৃতীয় শ্রেণি হতে পঞ্চম শ্রেণি। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে মাস্ক, সেনিটাইজার, ব্লিচিং পাউডার ও সাবান পাওয়া যায়।<br>উক্ত সুরক্ষা সামগ্রী যথাসময়ে বিদ্যালয়ে বিতরণ করা হয়েছে।<br><br>উপজেলা শিক্ষা অফিসার আরও বলেন ১১২নং ডাক্তারখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চাশ গজ দূরে একটি ডকইয়ার্ড স্থাপিত হয়। ডকইয়ার্ডের শব্দে শ্রেণি কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটে মর্মে অভিযোগ পাওয়া গেলে সহকারী উপজেলা শিক্ষা অফিসার তদন্ত করেন। তদন্তে শিক্ষকবৃন্দ শব্দের কারণে শ্রেণি কার্যক্রম ব্যহত হয় বলে জানান। প্রধান শিক্ষক-কে এ কারণে কে বা কাহারা ফোনে অকথ্য ভাষায় গালাগালাজ করে বলে জানা যায়।<br><br>চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ বলেন যে, তিনি মাছিমপুর সপ্রাবি-এ লেখাপড়া করেছেন। মাছিমপুর সপ্রাবি এর পুরাতন জরাজীর্ণ ভবনটি অপসারণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ভবনটি নিলামে বিক্রির কার্যক্রম করার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়।</td>
<td>-</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>মাধ্যমিক শিক্ষা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক রূপগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম ফিলাপ চলমান রয়েছে। পরীক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত ফি না নেয়ার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান কে কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। যদি কোনো শিক্ষা প্রতিষ্ঠান ফরমফিলাপ এর জন্য কোনো শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত টাকা আদায় করে তাহলে সে শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকারি নির্দেশনা মোতাবেক ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২২ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষে করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্যবিধি মেনে মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতা সুন্দরভাবে আয়োজন সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন, করোনা ভাইরাস নিয়ন্ত্রণে প্রতিটি বিদ্যালয়ে হ্যান্ডওয়াশ ব্লক প্রস্তুত করা হয়েছে। মাস্ক, স্প্রে, থার্মোমিটার ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীর মাস্ক পরা বাধ্যতামূলক। প্রত্যেকটি বিদ্যালয়ে আইসোলেশন কক্ষ এর ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। যদি কোনো শিক্ষার্থীর তাপমাত্রা বেশি হয়; সাথে সাথে আইসোলেশনে নিতে হবে। শিক্ষার্থীদের মধ্যে টিকা/ভ্যাকসিন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাসের ব্যবস্থা করেছি। তবে সকলের কাছে ডিভাইস না থাকায় এটি ফলপ্রসূ হচ্ছে না। অনলাইনে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। সরকারের নির্দেশনা মোতাবেক আমরা নোট বই ও গাইড বইকে নিষিদ্ধ করেছি। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td>
<td>কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার বলেন, ২০২১-২২ অর্থ বছরে যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন তাদের পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের লক্ষ্যে প্রাপ্ত তালিকা মোতাবেক ভাতাভোগীদের প্রতিস্থাপন সম্পন্ন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের বিধবা ভাতার ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে। তাছাড়া ইতোপূর্বে প্রতিবন্ধী ভাতার ৪৭২টি বরাদ্দ মোতাবেক ইউনিয়ন ও পৌরসভা হতে প্রাপ্ত তালিকা মোতাবেক ভাতাভোগীদের এমআইএস সম্পন্ন করে ভাতার পেরোল প্রেরণ করা হয়েছে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরে বয়স্ক ভাতার অনলাইন আবেদনের প্রেক্ষিতে প্রাপ্ত বরাদ্দ মোতাবেক ইউনিয়ন/পৌরসভা কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই প্রক্রিয়া চলমান রয়েছে। প্রতিবন্ধিতা শনাক্তকরণ ও আইডি কার্ড প্রদান সহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি জানান□ | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২০২২ খ্রিঃ মাসে ২৪৬ জনের মধ্যে ৭০,৫০,০০০/-(সত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ কাজ সম্পন্ন হয়েছে। ১৪টি ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | উপজেলা খাদ্য অফিস, রূপগঞ্জ | সভায় উপস্থিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে,আসন্ন বোরো সংগ্রহ /২০২২ মৌসুমে রূপগঞ্জ উপজেলায় কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ করা হবে । ২৮শে এপ্রিল /২০২২ হতে ৩১শে আগষ্ট /২০২২ খ্রি: পর্যন্ত ধান সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে কৃষকগন সরকারি গুদামে ধান বিক্রয়ের লক্ষ্যে নিবন্ধন করতে হবে । বিষয়টি কৃষকদের অবহিত করার জন্য উপজেলা কৃষি অফিসার রুপগঞ্জ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা চাওয়া হয়। কৃষকগন যেনো ইউনিয়ন পরিষদে গিয়ে নিবন্ধন করতে পারে । সে জন্য ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয় \| উপসহকারি কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের নিবন্ধনের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে মর্মে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে অবহিত করেন\| | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান, রূপগঞ্জ উপজেলায় ৫০টির অধিক করাত কল লাইসেন্স বিহীন অবৈধভাবে পরিচালিত হচ্ছে। যা হতে সরকার রাজস্ব হারাচ্ছে। উক্ত লাইসেন্স বিহীন করাত কল সমূহে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানান। বন বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | পরিসংখ্যান | উপজেলা পরিসংখ্যান অফিসার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর মূল কার্যক্রম আগামী ১৫ জুন/২০২২ খ্রি. হতে ২১ জুন/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এইমর্মে শুমারির প্রস্তুতিমূলক কাজ হিসেবে আগামী ১৯ এপ্রিল/২০২২ খ্রি. হতে ২৬ এপ্রিল/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে ৩য় জোনাল অপারেশন মাঠ পর্যায়ে রূপগঞ্জসহ | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সারাদেশব্যাপী অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, কোভিড-১৯ মহামারীর কারণে গত জানুয়ারি/২০২১ খ্রি. তারিখে যথাসময়ে অত্র শুমারি অনুষ্ঠিত হতে পারেনি। এছাড়াও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পূর্বাচল জোনাল অফিস, রূপগঞ্জ সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ,রূপগঞ্জ এবং সংশ্লিষ্ট সকল |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন এনএনআইপি উপ-বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব শেখ এনামুল হক সভাকে জানান যে, এনএনআইপি সেচ প্রকল্প (অগ্রনী ও ব্লক-এ/১) এর জলাবদ্ধতা নিরসনে জনাব গোলাম দস্তগীর গাজী এমপি, মাননীয় মন্ত্রী পাট ও বস্ত্র মন্ত্রণালয় মহোদয় এর মৌখিক নির্দেশ এবং মাননীয় মেয়র, তারাব পৌরসভার পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অধিগ্রহনকৃত সেচ খাল ও নিষ্কাশন খাল এর জমির সীমানা চিহ্নিতকরণ কাজ তারাব পৌরসভা, রূপগঞ্জ উপজেলা প্রশাসন, সহকারী কমিশনার (ভুমি), রূপগঞ্জ এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সমন্বয়ে যৌথভাবে চলমান আছে।<br>তাছাড়া মাননীয় মন্ত্রী মহোদয়ের গত ০২/০১/২০২২খ্রিঃ তারিখের ডিও লেটার এর প্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে একটি বিশেষ প্রকল্প গ্রহনের উদ্দেশ্যে সম্ভাব্যতা সমীক্ষা (PFS) সম্পাদনের কাজ চলমান আছে।<br>এনএনআইপি সেচ প্রকল্পে সেচ ও নিষ্কাশন খালের মেরামত ও রক্ষণাবেক্ষন কাজের নিমিত্ত অনুন্নয়ন রাজস্ব খাতেe-GP (LTM)পদ্ধতিতে ব্লক-এ/১ প্রকল্পে ৮টি প্যাকেজ, e-GP (OTM)পদ্ধতিতে ব্লক-এ/১ প্রকল্পে ১০টি প্যাকেজ এবং অগ্রনী সেচ প্রকল্পে ৬টি প্যাকেজের প্রধান নিষ্কাশন খাল ও সেকেন্ডারী নিষ্কাশন খাল এর পুনঃখনন এবং ময়লা-আবর্জনা পরিষ্কার করণ কাজ Excavator, Dump Truck এবং দৈনিক ভিত্তিক লেবার এর মাধ্যমে চলমান রয়েছে। এনএনআইপি (ব্লক-এ/১) সেচ প্রকল্পে উপজেলা কৃষি অফিসারের সাথে সমন্বয় করে বানিয়াদী পাম্প হাউস এর মাধ্যমে সেচ এর পানি সরবরাহ চলমান আছে।<br>তাছাড়া নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ জেলার অন্তর্গত গোলাকান্দাইল হতে বালিয়া পাড়া খাল এবং এনএনআইপি সেচ প্রকল্পের নিষ্কাশন খাল দুইটি ড্রেজার এর মাধ্যমে বালি দিয়ে ভরাট করার বিষয়ে সড়ক ও জনপথ বিভাগে পত্র মারফত যোগাযোগ করা হয়েছে।<br>উল্লেখ্য যে, খাল দুটির ভরাটকৃত বালি অপসারন করা না হলে বর্ষা মৌসুমে জলা বদ্ধতা প্রকট আকার ধারন করবে। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তথা সরকারী জমির সীমানা চিহ্নিতকরণ সহ জলাবদ্ধতা নিরসনে তারাব পৌরসভা, উপজেলা প্রশাসন এবং পানিউন্নয়ন বোর্ডকে সমন্বিতভাবে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন | ১। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।<br>২। নির্বাহী প্রকৌশলী, সওজবিভাগ, নারায়ণগঞ্জ<br>৩। নির্বাহী প্রকৌশলী, তারাব পৌরসভা<br>৪। সহকারী কমিশনার (ভুমি), রূপগঞ্জ<br>৫। উপজেলা কৃষি কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | শিক্ষা প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ |
| ২৬ | বিবিধ-০১ | ১। জনাব তরিকুল ইসলাম, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ২। মো: আ: রহমান, গাড়ী চালক উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর আগামী ১৪-০৫- | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে এস.আর. | উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২২ খ্রিঃ তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হবে মর্মে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য গত ২০-০৪-২০২২ খ্রিঃ তারিখে আবেদন করেন। এমতাবস্থায়, এস.আর. ও নং ৩৭০-আইন/জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৯-০৯-২০২০ তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ(৩) এর নির্দেশনা মোতাবেক কোনো কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০(দশ) বছর পূর্তিতে চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষ সয়ংক্রিয়ভবে ১১ (এগারো) তম বছরের পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতা প্রাপ্য হবে। জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী উক্ত কর্মচারীদ্বয় আগামী ১৫-০৫-২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের সুপারিশসহ বিস্তারিত আলোচনা করা হয়। | ও নং ৩৭০-আইন/জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৯-০৯-২০২০ তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক ১। জনাব তরিকুল ইসলাম, সাট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ২। মোঃ আঃ রহমান, গাড়ী চালক উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর চাকরিকাল সন্তোষজনক হওয়ায় আগামী ১৫-০৫-২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | রূপগঞ্জ |
| | বিবিধ-০২ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ সোহেল আহম্মদ ভূঞা অদ্য সময় হতে পরবর্তী উপজেলা পরিষদ নির্বাচনের পূর্ব পর্যন্ত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ সোহেল আহম্মদ ভূঞা অদ্য সময় হতে পরবর্তী উপজেলা পরিষদ নির্বাচনের পূর্ব পর্যন্ত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিবিধ-০৩ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |

চেয়ারম্যান, কায়েতপাড়া ইউনিয়ন পরিষদ উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। বতমার্ন সময়ে আমার কায়েতপাড়া ইউনিয়নের বেশ কিছু জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। ড্রেন নিমার্ণ করে নদীর সাথে সংযোগ করে এসব জলাবদ্ধতার পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। চনপাড়ার রাস্তার অবস্থা মোটেও ভাল নয়; এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। আমাদের রূপগঞ্জেও করোনা ভাইরাসের সংক্রমন বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধে তিনি সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ করেন এবং শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। যারা করোনা ভাইরাস মোকাবেলা কাজ করে যাচ্ছে তাদের সবাইকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান। করোনা পরিস্থিতি থাকা অবস্থায়ও যার যার অবস্থান থেকে আমাদের সকলকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নে কাজ করে যেতে হবে।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়নের পূর্বাচলের সাথে একটি সরকারি খাল রয়েছে। রাজুক এই সরকারি খালের মধ্যে তাদের পূর্বাচলের সীমানা পিলার স্থাপন করে। এতে সরকারি খালটি বন্ধ হয়ে জলাবদ্ধতাসহ জনগণের ভোগান্তি সৃষ্টি হতে পারে। তিনি সভায় এই সরকারি খালটি পুনরায় মেপে খালের প্রকৃত সীমানা বের করার অনুরোধ জানান। আমাদের ইউনিয়নে বিভিন্ন সিটি কর্তৃক বালু ভরাট করায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন, আমাদের ইউনিয়নে ভিজিডি ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধি করলে এলাকার গরিব ও অসহায় মানুষ উপকৃত হবে। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে তিনি সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ করেন এবং স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান, দাউদপুর ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়নের বেশ কয়েকটি রাস্তার উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি আরো বলেন, দাউদপুর ইউনিয়নের বেশ কয়েকটি জায়গায় জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। খাল খননের মাধ্যমে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। তিনি বিধবা ভাতা বৃদ্ধির জন্য অনুরোধ করেন।

রূপগঞ্জ উপজেলা শিল্পাঞ্চল হওয়ায় এখানে জনগণের চলাচল বেশি; যার কারণে আমাদের করোনা ভাইরাসের ভয়ও বেশি। আমাদেরকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান, দাউদপুর ইউনিয়নে এ সরকারের আমলে যথেষ্ঠ উন্নয়ন হয়েছে। তিনি আরো বলেন, করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে অবশ্যই সকলকে ভ্যাকসিন নিতে হবে এবং সকলকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়নের একটি বড় সমস্যা হলো বর্জ্য নিষ্কাশন। বর্জ্য ফেলার জন্য নির্ধারিত কোনো স্থান নেই; যার কারনে এ বর্জ্য ফেলা নিয়ে বিবাদ সৃষ্টি হয়। আমার ইউনিয়নের কিছু ওয়ার্ডে জলাবদ্ধতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এতে জন দুর্ভোগ বাড়ছে। এ বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা প্রশাসন হতে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তির জন্য নারী নির্যাতনসহ বিভিন্ন অভিযোগের পত্র পাই। এ সকল অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কিছু বিধি বিধান থাকায় আমাদের পক্ষে নিষ্পত্তি করা সম্ভব হয় না, এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আমাদের দেশেও এ ভাইরাসের মৃত্যুর হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান,গোলাকান্দাইল ইউনিয়ন পরিষদ উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন, সামনে বর্ষার মৌসুম। রূপগঞ্জ উপজেলার সকল ইউনিয়নে জলাবদ্ধতা একটি বড় সমস্যা। আমার ইউনিয়নের জলাবদ্ধতার পানির কারনে অনেক সবজি নষ্ট হয়ে গেছে; কৃষক ক্ষতিগ্রস্ত হচ্ছে। জমিতে ফসল হচ্ছে না। পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে দ্রুত জলাবদ্ধতা দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। গোলাকান্দাইল ইউনিয়নের বেশ কয়েকটি রাস্তার অবস্থা মোটেও ভালো না। বিশেষ করে গোলাকান্দাইল হাটের রাস্তা এবং গার্মেন্টস এর রাস্তার অবস্থা ভয়াবহ। এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। রবিনটেক্স এর পানি রাস্তা দিয়ে বাজারে গিয়ে জলাবদ্ধতা সৃষ্টি করছে। এতে জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরো বলেন, করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে আমাদের কে স্বাস্থ্যবিধি গাইড লাইন শতভাগ মেনে চলতে হবে। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চেয়ারম্যান, ভূলতা ইউনিয়ন পরিষদ বলেন, জলাবদ্ধতা আমার ইউনিয়নের একটি বড় সমস্যা। বর্ষার সময় জলাবদ্ধতা আরো তীব্র আকার ধারণ করে। জনগনের ভোগান্তিও বৃদ্ধি পায়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরো বলেন, আমার ইউনিয়নের ঠাকুরবাড়ির রাস্তা করে দিলে মানুষ অনেক উপকৃত হবে। এখান দিয়ে অনেক মানুষের চলাচল। তিনি আরো বলেন, আবারও করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আমাদেরকে সর্বোচ্চ সর্তক থাকতে হবে। প্রত্যেককে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চেয়ারম্যান, ভোলাব ইউনিয়ন পরিষদ বলেন, আমার ইউনিয়ন এ প্রতিবন্ধী ভাতার যে তালিকা করা হয়েছে তাদের ভাতার ব্যবস্থা গ্রহণ করলে তারা উপকৃত হবে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করছি। করাটিয়া আতলাপুর রাস্তাটি অনেক সুন্দর হয়েছে। এখন যাতায়াত করতে আগের চেয়ে সময় অনেক কম লাগে। বৃষ্টির কারনে আমার এলাকার জলাবদ্ধতায় মানুষের ভোগান্তি চরমে পৌছেছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া চৈত্র মাসে আমার ভোলাব ইউনিয়নে বিশুদ্ধ পানির প্রকট সমস্যা হয়। পানির সমস্যা সমাধানে গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি আমার ইউনিয়নে বিধবা ভাতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করছি।

উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সোহেল আহম্মদ ভূইয়া উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতীক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। আমাকে অদ্য সময় হতে পরবর্তী উপজেলা পরিষদ নির্বাচনের পূর্ব পর্যন্ত প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব প্রদান করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। সকলের নিকট আমি দোয়া প্রার্থী। আমরা রূপগঞ্জবাসী গর্বিত, আমরা অত্যন্ত আনন্দিত। আমরা একজন বীর প্রতীকের কর্মী। তাঁর আর্দশকে লালন করে সামনের দিকে এগিয়ে যেতে হবে, উন্নয়নের দিকে অগ্রসর হতে হবে। কোনো কুচক্রীমহল যেন আমাদের উন্নয়নের ধারাকে বাধা দিতে না পারে। আমাদের প্রত্যেকটি কর্মীকে সর্তক থাকতে হবে। আমাদের উন্নয়ন কার্যক্রম চলমান। মন্ত্রী মহোদয়কে আমাদের পক্ষ হতে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জ্ঞাপন করছি। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতীক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। ফজুর বাড়ি হতে সিটি মার্কেট পর্যন্ত অনেক দোকানদার রাস্তার জায়গা দখল করে দোকান নির্মাণ করছে যার ফলে যাতায়াতে সমস্যা হয় এবং যানযট সৃষ্টি হয়। যদিও ফজুর বাড়ি হতে কাঞ্চন ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করা হয় তা বেশি দিন টেকসই হয় না। বিভিন্ন কোম্পানির হেভিওয়েট এর গাড়ি চলাচলের কারনে রাস্তা দ্রুত নষ্ট হয়ে যায়। এ বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। কায়েতপাড়া ইউনিয়নের চনপাড়া মোড় হতে চরচরপাড়া পর্যন্ত রাস্তার অবস্থা খুবই খারাপ। জরুরি ভিত্তিতে এ রাস্তাটি মেরামত করা প্রয়োজন। মাননীয় মন্ত্রী মহোদয়ের সহায়তায় আমাদের ইউনিয়নের বিভিন্ন ভাতা বিধবা ভাতা, গর্ভবতী ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য ভাতা বৃদ্ধি পাচ্ছে; তাই মাননীয় মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। তিনি

আরো বলেন, উপজেলা ১৭ কমিটির সভা নিয়মিত হচ্ছে এবং তা চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। বর্তমান সময়ে করোনা ভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। করোনা ভাইরাসের সংক্রমণ আবারও আশংকাজনক ভাবে বৃদ্ধি পাচ্ছে। সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ ভাইরাস নিয়ন্ত্রণে সম্মিলিতভাবে কাজ করতে হবে। সবাইকে বাধ্যতামূলকভাবে মাক্স ব্যবহার করতে হবে। তিনি আরো বলেন, রূপগঞ্জ উপজেলায় অনেক রাস্তাই সংকীর্ণ; এসকল রাস্তা প্রশস্ত করলে জনগণের চলাচলে আরো সুবিধা হবে এবং যানযটও কমবে।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। রূপগঞ্জের উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। উন্নয়ন এখন দৃশ্যমান। বঙ্গবন্ধুর অবর্তমানে তার কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন করে যাচ্ছে। মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীন "ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ" প্রকল্প বাস্তবায়ন আমাদের বড় অর্জন। অর্থনৈতিকভাবে আমরা এগিয়ে যাচ্ছি। আমাদের অনেক উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। এগুলো সম্পন্ন করতে হবে। প্রত্যেকটি ডিপার্টমেন্ট ভালো কাজ করছে। প্রত্যেক দপ্তরের কার্যক্রম সুচারুভাবে করার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয় এবং কোনো দপ্তরের কোনো সমস্যা থাকলে তা অবগত করার জন্য বলা হয়। আমরা তা দ্রুত সমাধানের চেষ্টা করব। মাননীয় প্রধান মন্ত্রী প্রত্যেকটি দপ্তরে পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ দিচ্ছেন। ইদানিং দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ১ কোটি অসহায় এবং গরিব মানুষকে কার্ড করে টিসিবির মাধ্যমে কম মূল্যে যেন পণ্য কিনতে পারে তার ব্যবস্থা গ্রহণ করেছেন। এ কার্ডের মাধ্যমে তারা সবসময় কম মূল্যে পণ্য ক্রয় করতে পারবে। তিনি আরো বলেন, প্রত্যেক ইউনিয়ন এ খেলার মাঠ তৈরি করতে হবে। বিশেষ করে সরকারি খাস জমিতে খেলার মাঠ করণের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব এবং অগ্রাধিকার দিতে হবে। রূপগঞ্জ উপজেলায় শিল্প কারখানা বৃদ্ধি পাচ্ছে। সাধারণ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। বর্তমান সময়ে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোভিড-১৯ ভাইরাস মোকাবেলা করা। যদিও আমাদের দেশে এ ভাইরাস সহনীয় পর্যায়ে রয়েছে। সকলকে তিনি ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান এবং শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। উপজেলা পর্যায়ে যেকোনো অনুষ্ঠান বা কর্মসূচি বাস্তবায়নে যেন শতভাগ স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয় এ বিষয়ে সর্তক থাকতে হবে। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২২, ২৫ মার্চ "গণহত্যা দিবস" এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ উদযাপনে রূপগঞ্জ উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এ বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সর্তক ছিল; সংশ্লিষ্ট সকলে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তিনি আরো বলেন, রূপগঞ্জ উপজেলাধীন প্রত্যেকটি সরকারি দপ্তর তাদের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা এবং অফিসের সামনে সিটিজেন চার্টার প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য স্ব স্ব দপ্তরের প্রধানগণকে নির্দেশ প্রদান করা হয়। সেবা প্রার্থীরা যেন কোনো ভাবেই হয়রানি স্বীকার না হয় এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। তিনি আরো বলেন, প্রতিটি শিশুর জন্মের পর যথা সময়ে যেন জন্ম নিবন্ধন করানো হয় এবং মৃত্যুর পর মৃত্যু নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশদের সহযোগিতা নেয়ার জন্য চেয়ারম্যানদের প্রতি অনুরোধ করা হয়। আমাদের দেশে করোনা ভাইরাসে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। রূপগঞ্জ উপজেলা পর্যায় করনো ভাইরাস সহনীয় পর্যায় রয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৫৩৭৮ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ৫৩৪৫ জন, মোট মৃত্যু ১৯ জন। সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য তিনি অনুরোধ করেন এবং করোনা পরিস্থিতি শতভাগ নিয়ন্ত্রণে রাখতে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। সর্বোচ্চ সর্তকতাই এ ভাইরাস মুক্তির একমাত্র পথ। তিনি আরো জানান, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে সভাপতি ও ম্যানিজিং কমিটির সমন্বয়ে সততা স্টোর প্রতিষ্ঠা করতে হবে। রূপগঞ্জ উপজেলাধীন ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানে Adolescent Counseling Center স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। Adolescent Counseling Center নিয়মিত পরিদর্শন ও এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট কমিটি ও শিক্ষকদের দৃষ্টি আকর্ষন করা হয়। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও প্রতিমাসের ০১ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের সভার কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২২, ২৫ মার্চ "গণহত্যা দিবস" এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২২ জাঁকজমকপূর্ণভাবে উদযাপন করেছি। কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল; সংশ্লিষ্ট সকলে আন্তরিক

ধন্যবাদ জ্ঞাপন করা হয়। মাননীয় প্রধান মন্ত্রী প্রত্যেকটি দপ্তরে পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ দিচ্ছেন। ইদানিং দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ১ কোটি অসহায় এবং গরিব মানুষকে কার্ড করে টিসিবির মাধ্যমে কম মূল্যে যেন পণ্য কিনতে পারে তার ব্যবস্থা গ্রহণ করেছেন। এ কার্ডের মাধ্যমে তারা সবসময় কম মূল্যে পণ্য ক্রয় করতে পারবে। উন্নয়ন এখন দৃশ্যমান। তিনি আরো বলেন, প্রত্যেকটি সরকারি দপ্তর তাদের নিজস্ব ওয়েব পোর্টাল আপডেট করা এবং সিটিজেন চার্টার আপডেট করে অফিসের সামনে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রত্যেক দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। এতে সরকারি সেবা প্রার্থীরা সহজে সেবা পাবে। প্রত্যেকটি দপ্তরের বিভিন্ন সভার কার্যবিবরণী এবং কর্মসূচি ওয়েব পোর্টালে আপডেট করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধে তিনি সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ করেন এবং কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। কসাইখানা এবং ডাইগোনোস্টিক সেন্টার এর ট্রেড লাইসেন্সসহ অন্যান্য লাইসেন্স আছে কিনা এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততার পরিচর্যার জন্য শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে। রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে ভূমি দস্যু কর্তৃক বালু ভরাট করা হচ্ছে । এ উপজেলায় যেটুকু কৃষি জমি রয়েছে তা যেন ঠিক থাকে। কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ফেললে আমাদেরকে জানান আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৯.২০-

তারিখ: ০৮ বৈশাখ ১৪২৯ / ২১ এপ্রিল ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:-
১। জনাব গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:
১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
২। উপজেলা ..........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
৫। জনাব/বেগম..................................................... রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

শাহ্ নুসরাত জাহান
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ